আমঝুপিতে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার, শাশুড়ির বিরুদ্ধে হত্যার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের রঘুনাথপুর মধ্যপাড়া গ্রামে হাসনাহেনা (১৯) নামের এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

এ ঘটনায় নিহতের বাবা-মা তাঁদের মেয়েকে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রাখার অভিযোগ করেছেন। তবে ঘটনাটি হত্যা নাকি আত্মহত্যা, তা নিশ্চিত হওয়া যায়নি।

বৃহস্পতিবার (২২ অক্টোবর) দুপুরে শ্বশুরবাড়ির একটি কক্ষ থেকে তাঁর মরদেহ উদ্ধার করা হয়। ঘটনার পর থেকে তাঁর শাশুড়ি মাহফুজা পলাতক রয়েছেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

নিহত হাসনাহেনা মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামের হাসাইনের মেয়ে। প্রায় সাত মাস আগে রঘুনাথপুর গ্রামের মিনহাজের সঙ্গে তাঁর বিয়ে হয়। স্থানীয়দের ভাষ্য, বিয়ের পর থেকেই পারিবারিক বিভিন্ন বিষয় নিয়ে হাসনাহেনার সঙ্গে তাঁর শাশুড়ির বিরোধ চলছিল।

স্থানীয় সূত্রে জানা গেছে, গত কয়েক দিন ধরে পারিবারিক কাজকর্ম নিয়ে হাসনাহেনা ও তাঁর শাশুড়ির মধ্যে মনোমালিন্য চলছিল।

বৃহস্পতিবার দুপুরে শাশুড়ির বাড়ির একটি কক্ষে ফ্যানের সঙ্গে গলায় দড়ি দেওয়া অবস্থায় হাসনাহেনাকে দেখতে পান তাঁর চাচি-শাশুড়ি সোহাগী। পরে তিনি আশপাশের লোকজনকে বিষয়টি জানান। স্থানীয়রা ঘটনাস্থলে এসে তাঁকে নিচে নামান।

চাচি-শাশুড়ি সোহাগী জানান, বৃহস্পতিবার দুপুরে কলার মোচা কাটার জন্য দা নিতে তিনি ওই বাড়িতে যান। এ সময় ঘরের ভেতরে ঢুকে ফ্যানের সঙ্গে হাসনাহেনার ঝুলন্ত মরদেহ দেখতে পান। এমন দৃশ্য দেখে তিনি হতবাক হয়ে যান। পরে দ্রুত আশপাশের লোকজনকে বিষয়টি জানান। তাঁর চিৎকার শুনে স্থানীয়রা ছুটে এসে ঘটনাস্থলে জড়ো হন।

প্রতিবেশী পরশ জানান, পাশের বাড়ি থেকে চিৎকারের শব্দ শুনে তাঁরা ঘটনাটি জানতে পারেন। পরে ঘটনাস্থলে গিয়ে হাসনাহেনাকে ঝুলন্ত

অবস্থায় দেখতে পান। এ সময় কয়েকজন মিলে তাঁকে নিচে নামান। তবে কী কারণে এ ঘটনা ঘটেছে, সে বিষয়ে নিশ্চিত করে কিছু বলতে পারেননি তিনি।

নিহতের স্বামী মিনহাজ বলেন, ঘটনার সময় তিনি মাঠে কাজ করছিলেন। বাড়িতে ফিরে স্ত্রীর মৃত্যুর খবর জানতে পারেন। তাঁর ভাষ্য অনুযায়ী, গত তিন দিন ধরে তুলা ওঠানো নিয়ে তাঁর মা ও স্ত্রীর মধ্যে বিরোধ চলছিল। তবে ঘটনার সময় বাড়িতে না থাকায় কী ঘটেছিল, তা তিনি সরাসরি দেখেননি।

নিহত হাসনাহেনার বাবা-মা অভিযোগ করে বলেন, তাঁদের মেয়েকে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রাখা হয়েছে বলে তাঁরা সন্দেহ করছেন।

মেয়ের মৃত্যুর খবর পেয়ে তাঁরা ভেঙে পড়েছেন। তাঁরা ঘটনার প্রকৃত কারণ উদ্ঘাটনে নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছেন। পাশাপাশি, তাঁদের মেয়ের মৃত্যুর সঙ্গে কেউ জড়িত থাকলে তদন্তের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানান।

আমঝুপি ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য (মেম্বার) মজিদ বলেন, বিয়ের পর থেকেই হাসনাহেনার সঙ্গে তাঁর শাশুড়ির বিরোধ চলছিল বলে তিনি শুনেছেন। তবে ঘটনার সময় তিনি সেখানে উপস্থিত ছিলেন না। তাই মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত করে কিছু বলা সম্ভব নয়। বিষয়টি যথাযথভাবে তদন্ত করে প্রকৃত ঘটনা উদ্ঘাটন করা প্রয়োজন বলে তিনি মনে করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহটি নিচে নামানো অবস্থায় দেখতে পায়। স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, ঘরের ফ্যানের সঙ্গে গলায় দড়ি দেওয়া অবস্থায় গৃহবধূকে ঝুলতে দেখা গিয়েছিল। পরে মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

তিনি আরও জানান, ঘটনার পর থেকে নিহতের শাশুড়িকে পাওয়া যাচ্ছে না বলে জানা গেছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এটি হত্যা নাকি আত্মহত্যা, তা তদন্ত ও ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর নিশ্চিত হওয়া যাবে।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (№.) [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে অভিভাবক সমাবেশ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সকাল ১১টায় বিদ্যালয় প্রাঙ্গণে এ সমাবেশের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের সভাপতি মো. হাসিবুজ্জামান স্বপন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি সোনালী ব্যাংকের ম্যানেজার আব্দুল্লাহ আল মাসুম।

সমাবেশে শিক্ষার্থীদের লেখাপড়ার অগ্রগতি, নিয়মিত উপস্থিতি, ঝরে পড়া রোধ এবং শিক্ষার সার্বিক মান উন্নয়ন নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।

এ সময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল আমিন স্বাগত বক্তব্য দেন। সহকারী প্রধান শিক্ষক মো. হাফিজুজ্জামানসহ সহকারী শিক্ষক মো. আবুল হাসান, মো. হাবিবুর রহমান, মো. রাফিউল ইসলাম, মো. বশির আহমেদ, মো. ফারাহ হোসেন লিটন, মো. তাসনিম জাহান তুষার, মো. গাজিউর রহমান, মো. রিপন, মো. ইব্রাহিম খলিল, মো. রুবেল হোসেন, মোছা. শাহানাজ খাতুন ও মোছা. নার্গিস চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন।

অভিভাবকদের মধ্যে বক্তব্য দেন মো. সাহাবুদ্দিন, মো. আশরাফ ও মোছা. খাদিজা খাতুন। এ সময় অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে মো. হাসিবুজ্জামান স্বপন বলেন, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকের সম্মিলিত প্রচেষ্টায় একটি বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়ন সম্ভব।

[illegible]

“[illegible], [illegible]”—[illegible]

[illegible]

[illegible] ([illegible]-[illegible]) [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible]-[illegible] [illegible]

[illegible]-[illegible]-[illegible], [illegible] (SPHCR) [illegible]

[illegible], [illegible], [illegible], [illegible], [illegible]

[illegible], [illegible]

[illegible], [illegible], [illegible], [illegible]

[redacted]

[redacted] [redacted] [redacted] [

আমঝুপি বালিকা বিদ্যালয়ের অ্যাডহক কমিটির সভাপতি হলেন হাসিবুর জামান স্বপন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অ্যাডহক কমিটির সভাপতি হিসেবে হাসিবুর জামান স্বপন মনোনীত হয়েছেন।

আজ সোমবার সকাল ১০টার দিকে বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামানসহ অন্যান্য সহকারী শিক্ষকরা তাকে ফুলের মালা দিয়ে বরণ করে নেন।

এ সময় উপস্থিত ছিলেন সহকারী শিক্ষক আবুল হাসান, বশির আহমেদ, রাফিউল ইসলাম, ফারাহ হোসেন লিটন, আইয়ুবুর রহমান, নার্গিস চৌধুরী, রকিবুল ইসলাম ও গাজিউর রহমান।

মনোনীত সভাপতি হাসিবুর জামান স্বপন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) মেহেরপুর জেলা প্রতিনিধি। তিনি একজন ব্যবসায়ী এবং আমঝুপি ব্যবসায়ী সমিতির সভাপতি।

আমঝুপিতে মনগড়া প্রকল্পের বিল না দেওয়ায় প্যানেল চেয়ারম্যানকে পেটালেন সাবেক চেয়ারম্যান

সংশ্লিষ্ঠ সদস্যদের স্বাক্ষর ছাড়া মনগড়া প্রকল্পের বিল না দেওয়ায় মেহেরপুরের আমঝুপি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সিরাজুল ইসলামকে বেধড়ক পিটিয়েছেন সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা সাইফুল ইসলাম তার অনুসারীরা।

দিয়েছি। সাবেক চেয়ারম্যান সাইফুল সাহেব ফৌজদারী অপরাধ করেছেন এটা তিনি করতে পারেন না।’

ক্ষুদ্র কটেজ শিল্প বিষয়ক বিজিএমইএ’র স্থায়ী কমিটির চেয়ারম্যান মনোনীত হলেন শাহমিজ বকুল

মেহেরপুর সদর উপজেলার আমঝুপির কৃতি সন্তান শাহমিজ বকুল বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (BGMEA) ক্ষুদ্র কটেজ শির্প বিষয়ক স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনীত হয়েছেন।

বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের অন্যতম শীর্ষ সংগঠন বিজিএমইএর এই গুরুত্বপূর্ণ দায়িত্বে তাঁর মনোনয়নকে শিল্পখাতে দীর্ঘদিনের অভিজ্ঞতা, দক্ষ নেতৃত্ব এবং অবদানের স্বীকৃতি হিসেবে দেখা হচ্ছে।

সংশ্লিষ্টরা মনে করছেন, শাহমিজ বকুলের নেতৃত্বে দেশের ক্ষুদ্র ও কুটিরভিত্তিক পোশাক শিল্প আরও গতিশীল হবে। উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, নতুন উদ্যোক্তা তৈরির উদ্যোগ গ্রহণ এবং কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টিতে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

একই সঙ্গে বাংলাদেশের পোশাক শিল্পের অগ্রযাত্রায় নতুন মাত্রা যুক্ত হবে বলেও প্রত্যাশা করা হচ্ছে।

শাহমিজ বকুলের এ অর্জনে আমঝুপিসহ মেহেরপুর জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ আনন্দ ও গর্ব প্রকাশ করেছেন। তাঁরা তাঁর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং কর্মজীবনের উত্তরোত্তর সাফল্য কামনা করেছেন।

উল্লেখ্য, শাহমিজ বকুল ১৪ জুন ২০২৬ তারিখে বিজিএমইএর স্মল কটেজ

ইন্ডাস্ট্রি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনীত হন।

আমঝুপিতে শহীদ জিয়াউর রহমানের শাহাদৎ বার্ষিকী পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে শহীদ জিয়াউর রহমানের ৪৫ তম শাহাদৎ বার্ষিকী পালন করা হয়েছে।

বিএনপি নেতা আসাদুল্লাহ খাঁনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক এডভোকেট কামরুল হাসান।

বিসিবির জেলা প্রতিনিধি হাসিবুর জামান স্বপনের সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন, স্বাগত বক্তব্য দেন জেলা মৎস্যজীবী দলের সভাপতি গুরুদাস হালদার।

আরো বক্তব্য দেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, বিএনপি নেতা কাজি মিজান মেনন, মাজেদ রহমান, সদর থানা বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, আমঝুপি ইউনিয়ন বিএনপির সভাপতি জাহির হোসেন চঞ্চল, জাসাসের জেলা সভাপতি বাকা বিল্লাহ।

অনুষ্ঠানে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, মরহুমা সাবেক প্রধান মন্ত্রী বেগম খালেদা জিয়া ও তার ছোট ছেলে আরাফাত রহমানের মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

গ্লোবাল অ্যাকশন সপ্তাহ

উপলক্ষে আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উদযাপন উপলক্ষে মেহেরপুরের আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হলরুমে এ আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জমান সেলিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) আবদুর রাহীম, আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমান, আমদহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি রুহুল আমীন এবং সাবেক কাউন্সিলর আব্দুর রহিম।

অনুষ্ঠানে গ্লোবাল অ্যাকশন সপ্তাহের বিভিন্ন বাস্তবায়িত কার্যক্রম তুলে ধরে প্রবন্ধ উপস্থাপন করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। বক্তারা মেহেরপুর জেলার প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র তুলে ধরেন। বিশেষ করে বিদ্যালয়ে শিক্ষার্থীদের অনুপস্থিতি, বাল্যবিয়ে এবং ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের সম্পৃক্ততা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এছাড়া শিক্ষার্থীদের পাঠদানের মানোন্নয়নে বিশেষ করে রিডিং দক্ষতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

আলোচনা সভা শেষে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আওতাধীন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত গণিত উৎসবের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।